

প্রেস বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রক 2023 সালের 30শে সেপ্টেম্বর এবং 1লা অক্টোবর ভারতীয় ভাষা উৎসবের সূচনা করতে চলেছে এবং 'প্রযুক্তি ও ভারতীয় ভাষা' শীর্ষক দু'দিনের শীর্ষ সম্মেলনের আয়োজন করতে চলেছে।

শিক্ষা মন্ত্রক ভারতীয় ভাষা উৎসবের সূচনা করতে চলেছে এবং 2023 সালের 28শে সেপ্টেম্বর থেকে সূচিত 75দিনের এই ভারতীয় ভাষা উৎসবের অংশ হিসেবে 2023 সালের 30শে সেপ্টেম্বর এবং 1লা অক্টোবর "প্রযুক্তি ও ভারতীয় ভাষা" শীর্ষক দু'দিনে শীর্ষ সম্মেলনের আয়োজন করতে চলেছে। নতুন দিল্লির ডঃ রাজেন্দ্র প্রসাদ রোডে বাবা সাহেব ডঃ বি. আর. আম্বেদকর আন্তর্জাতিক কেন্দ্রে ভারতীয় ভাষা উৎসবের অংশ হিসেবে এই শীর্ষ সম্মেলনের উদ্বোধন করবেন কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান। প্রধান বক্তা হিসাবে উপস্থিত থাকবেন কাঞ্চিপুুরমের আইআইআইটি-ডিএম-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং জোহো কর্পোরেশনের কর্ণধার(সিইও) শ্রী শ্রীধর ভেষ্ণু।

এই শীর্ষ সম্মেলনে তিনটি বিষয়ভিত্তিক অধিবেশন থাকবে, যথাঃ (1) ভারতীয় ভাষার জন্য প্রযুক্তি (2) ভারতীয় ভাষায় প্রযুক্তি এবং (3) ভারতীয় ভাষার মাধ্যমে প্রযুক্তি। এই বিষয়বস্তুর লক্ষ্য হল শিক্ষার ক্ষেত্রে ভারতীয় ভাষার জন্য প্রযুক্তির ব্যবহার, যার মধ্যে রয়েছে প্রাক-পরিষেবা ও কর্মরত শিক্ষক, পাঠ্যপুস্তক লেখক, পরীক্ষক এবং বিশেষজ্ঞদের প্রশিক্ষণ, কৃতিত্ব প্রদানের মাধ্যমে ভারতীয় ভাষার জ্ঞান ও দক্ষতার পরীক্ষা, শিক্ষণ-শিক্ষা উপকরণের অনুবাদ এবং পরিশেষে শিক্ষার বর্তমান বাস্তবতন্ত্র থেকে ভারতীয় ভাষার বাস্তবতন্ত্রে একটি মসৃণ রূপান্তর নিশ্চিত করা, যা এনইপি-2020-তে পরিকল্পনা করা হয়েছে।

দুই দিনের এই শীর্ষ সম্মেলনে শিক্ষার ক্ষেত্রে সকল অংশীদারদের দ্বারা ভারতীয় ভাষায় শিক্ষার লক্ষ্য অর্জনকে বাস্তবায়িত করার জন্য একটি রোডম্যাপ তৈরি করা হবে। আশা করা হচ্ছে যে এই শীর্ষ সম্মেলনে বিভিন্ন পেশা ও ক্ষেত্রের প্রায় 1000 জন বিশেষজ্ঞ ব্যক্তি উপস্থিত থাকবেন, যেমন - শিক্ষাবিদ, শিক্ষার্থী, গবেষক, শিক্ষা ও তথ্যপ্রযুক্তি শিল্প, প্রযুক্তিগত বিশেষজ্ঞ, গণমাধ্যম এবং ফ্রিল্যান্সার ইত্যাদি। শিক্ষা মন্ত্রক (এমওই), দক্ষতা উন্নয়ন ও শিল্পোদ্যোগ মন্ত্রক (এমএসডিই) এবং তাদের সহযোগী প্রতিষ্ঠানগুলি যেমন ভারতীয় ভাষা সংস্থান (সিআইআইএল), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), জাতীয় শিক্ষা প্রযুক্তি ফোরাম (এনইটিএফ), সর্ব ভারতীয় প্রযুক্তি শিক্ষা পরিষদ (এআইসিটিই), রাষ্ট্রীয় বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণ কেন্দ্র (এনসিভিটিই), রাষ্ট্রীয় শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র (এনসিটিই), ভারতীয় ভাষা সমিতি (বিবিএস) ইত্যাদি এই শীর্ষ সম্মেলনের আয়োজন করেছে।